গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ওয়েব সাইটঃ www tttc.edu.bd

ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সে
ভর্তি বিজ্ঞপ্তি
(সেশনঃ ২০১৮-২০১৯)

১) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে দুই সেমিষ্টার ব্যাপী ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচেছ।

২) উক্ত কোর্স সমাপনান্তে ছাত্র/ছাত্রীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন এর সনদপত্র প্রদান করা হবে।

৩) নিম্ন বর্ণিত কোর্স সমূহে উল্লেখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ইচ্ছুক প্রার্থীগণ ভর্তির জন্য দরখাস্ত করতে পারবে।

ক্রমিক নং	বিভাগ	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
ক.	সিভিল টেকনোলজী	১৫*	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত পুরকৌশল/আর্কিটেকচার/আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন/কনস্ট্রাকশন/এনভায়রনমেন্টাল-এ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
খ.	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স টেকনোলজী	১০*	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ কম্পিউটার/ইলেকট্রোমেডিক্যাল /ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল-এ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
গ.	মেকানিক্যাল টেকনোলজী	১৫*	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত যন্ত্রকৌশল/শক্তিকৌশল/ ফুড টেকনোলজী/ কেমিকৌশল/অটোমোবাইল/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ সিরামিক্স/ মেরিন টেকনোলজীতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।

* এই সংখ্যা পরিবর্তিত হতে পারে।

৪) আগামী ০৮/০৯/২০১৮ইং তারিখ হতে ৫০০ (পাঁচ শত) টাকার বিনিময়ে অত্র কলেজের একাডেমিক শাখায় ভর্তি ফরম অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। প্রার্থীকে নির্ধারিত ফরমে এস,এস,সি সার্টিফিকেট, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর সার্টিফিকেট এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর সর্বশেষ পর্বের মার্কসীট/গ্রেড সীট, পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ফটো এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত চরিত্রিক সার্টিফিকেট-এর সত্যায়িত কপিসহ আগামী ৩০/০৯/২০১৮ইং তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে ভর্তির জন্য আবেদন করতে হবে।

৫) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৬) কলেজের ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত নীতিমালা অনুযায়ী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এর প্রাপ্ত নম্বর/গ্রেড ও লিখিত/মৌখিক পরীক্ষার ভিত্তিতে আবেদনকারীদের মধ্য থেকে ভর্তির যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে।

৭) পূর্ণকালীন এই কোর্সে অধ্যয়নকালে অন্য কোন কোর্সে অধ্যয়ন বা চাকুরী করা যাবে না।

৮) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র জমা দিতে হবে। ভর্তির সময় সকল জমাকৃত সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

৯) লিখিত/মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ০১/১০/২০১৮ইং তারিখে কলেজ নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে।

১০) লিখিত/মৌখিক পরীক্ষা ০৩/১০/২০১৮ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় শুরু হবে।

১১) নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের তালিকা ০৪/১০/২০১৮ ইং তারিখে কলেজ নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে এবং ভর্তি কার্যক্রম ০৬/১০/২০১৮ইং হতে ১০/১০/২০১৮ ইং তারিখ পর্যন্ত চলবে। আসন খালি থাকলে অপেক্ষমান তালিকা হতে আগে আসলে আগে পাবে ভিত্তিতে ১১/১০/২০১৮ ইং তারিখ অফিস চলাকালীন সময়ে ভর্তি চলবে। এই ব্যাপারে আলাদভাবে কোন চিঠি দেয়া হবে না। প্রার্থীকে নিজ দায়িত্বে নোটিশ বোর্ড দেখে নিতে হবে।

১২) **আগামী ১৩/১০/২০১৮ইং তারিখ সকাল ৯:০০ ঘটিকায় ক্লাশ শুরু হবে।**

১৩) ভর্তির সময় ১ম সেমিষ্টারের জন্য নিম্নলিখিত ফিস (পরিবর্তন হতে পারে) জমা দিতে হবে।

১	ভর্তি ফিস	৫০.০০
২	বেতন (মাসিক ২৫ টাকা হারে ৬ মাসের)	১৫০.০০
৩	ল্যাবরেটরী জামানত	৭০০. ০০
৪	পাঠাগার জামানত	১০০০.০০
৫	১ম সেমিষ্টারের অভ্যন্তরীণ পরীক্ষার ফিস	৫০০.০০
৬	বোর্ড পরীক্ষার ফিস	৪০০.০০
৭	ব্যবহারিক পরীক্ষার ফিস	৫০০.০০
৮	কেন্দ্র ফিস	৪৫০.০০
৯	রেজিস্ট্রেশন ফিস	২০০.০০
১০	রোভার স্কাউট ফিস	১০.০০
১১	শিক্ষা সপ্তাহ ফিস	১০.০০
১২	মার্কসিট ফিস	৭৫.০০
১৩	সিলেবাস ও প্রবিধান ফিস	৩০০.০০
১৪	পরিচয়পত্র ফিস	৫০.০০
১৫	বিবিধ	১০০.০০
	সর্বমোট চার হাজার চার শত পচানব্বই টাকা মাত্র	৪,৪৯৫/=

১৪) ভর্তি সংক্রান্ত ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫) প্রয়োজন হলে ভর্তি সংক্রান্ত অতিরিক্ত তথ্য কলেজের একাডেমিক শাখা থেকে জানা যাবে।

০৫/০৯/১৮

(ড. প্রকৌঃ মোঃ রমজান আলী)
অধ্যক্ষ (অতিঃ দায়িত্ব)
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং-টিটিটিসি/একা/৫৫/১৮৬ তারিখঃ ০৫/০৯/২০১৮ ইং

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। পরিচালক, প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/পি.আই.ইউ/পি.আই.ডব্লিউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও, ঢাকা।
৪। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।(আপনার অধীনস্ত প্রতিষ্ঠান গুলোতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৫। অধ্যক্ষ, ... পলিটেকনিক ইন্সটিটিউট। বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
৭। সংরক্ষণ নথি

০৫/০৯/১৮

(ড. প্রকৌঃ মোঃ রমজান আলী)
অধ্যক্ষ (অতিঃ দায়িত্ব)
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮।